অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/18/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো শনিবার, 26 সেপ্টেম্বর তারিখে ফ্রি ফিশিং ডে ঘোষণা করেছেন

নিউ ইয়র্কবাসীগণ ফ্রি ফিশিং ডে-তে লাইসেন্স ছাড়াই মাছ ধরতে পারবে

নিউ ইয়র্কে স্বাদুপানির মৎস্য-শিকার বার্ষিক আনুমানিক 2.14 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক কর্মতৎপরতা সৃষ্টি করে, রাজ্যব্যাপী প্রায় 11,000 টি কর্মক্ষেত্র তৈরী করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে শনিবার, 26 সেপ্টেম্বর ন্যাশনাল হান্টিং অ্যান্ড ফিশিং ডে (National Hunting and Fishing Day) উপলক্ষে নিউ ইয়র্কের বাসিন্দারা বিনামূল্যে মাছ ধরতে পারবেন যা প্রতি বছর শিকার, মাছ ধরা এবং নির্দিষ্ট লক্ষ্যবস্তুতে গুলি বর্ষণের মতো আউটডোর কার্যক্রমের জন্য পালিত হয়।

"এটি সবারই জানা আছে যে প্রতি বছর শরতের শুরুর সময়টা মাছ ধরার সেরা সুযোগ এবং নিউ ইয়র্ক উত্তর-পূর্বাঞ্চলের কিছু সেরা হ্রদ, পুকুর, নদী এবং জলধারার সাথে মিলিত হচ্ছে যা শুধু অনুসন্ধানের জন্য অপেক্ষা করছে," **গভর্নর কুওমো বলেন।** "মাছ ধরা আমার পরিবার এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে থাকা পরিবারগুলোর মধ্যে একটি ঐতিহ্য এবং আমি অভিজ্ঞ এঙ্গেলার থেকে শুরু করে যারা এই ফ্রি ফিশিং ডে-তে পূর্বে কখনো অংশগ্রহণ করেননি তাদেরকে সহ সবাইকে অংশগ্রহণ করে বাইরে কিছু সময় একসাথে কাটানোর আহ্বান জানাচ্ছি।"

"ফ্রি ফিশিং ডে সকল নিউ ইয়র্কবাসীকে মাছ ধরা এবং বাইরের কার্যক্রম উপভোগ করার সুযোগ প্রদান করে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যেহেতু আমরা COVID-19 মহামারীর কারণে চ্যালেঞ্জের মুখোমুখি হয়ে আছি সেক্ষেত্রে এটি নিউ ইয়র্ক স্টেট যা অফার করে তার সবগুলোই প্রত্যেক ব্যক্তি এবং পরিবারকে উপভোগ করার সুযোগ করে দেবে। আমরা গ্রীষ্ম ও শরৎকালে নিউ ইয়র্কে আউটডোরের সব মহৎ কাজের প্রচার করতে এবং স্টেটজুড়ে কমিউনিটিতে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ।"

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC) প্লেস টু ফিশ ওয়েবপেজ যারা তাদের পরবর্তী মাছ ধরার পরিকল্পনা করতে প্রস্তুত তাদের জন্য একটি নির্ভরযোগ্য উৎস। শুরু করতে আগ্রহী মৎস শিকারীদের জন্য, আই ফিশ এনওয়াই বিগিনার্স গাইড টু ফ্রেশওয়াটার ফিশিং আপনার মাছ ধরার ছিপ নির্বাচন করা থেকে শুরু

করে কোথায় মাছ ধরতে হবে এবং মাছ ধরার নিয়মকানুন বোঝা পর্যন্ত সবকিছু সম্পর্কে তথ্য প্রদান করে।

DEC কমিশনার বেসিল সেগোস বলেন, "ফ্রি ফিশিং ডে-তে অভিজ্ঞ এবং নবীন মৎস শিকারীদের নিউ ইয়র্ক স্টেটে প্রচুর মাছ ধরার সুযোগ দেয়। যেহেতু আমরা সবাই COVID-19 মহামারীর সময় সজাগ থাকার চেষ্টা করছি তাই অনেক নিউ ইয়র্কবাসী বাড়ির কাছাকাছি বিনোদনপূর্ণ কার্যক্রমের খোঁজে বাইরে যাচ্ছে। পানির উপর একটি দিন পুরো পরিবারের জন্য আনন্দদায়ক হবে এবং অনেক মানুষ আমাদের স্টেটের হান্টিং ও ফিশিং কমিউনিটিতে যোগ দেবে।"

নিউ ইয়র্কবাসীরা COVID-19 মহামারীর সময় আউটডোর কার্যক্রম উপভোগ করার আরো অনেক উপায় খুঁজছে, DEC হান্টিং ও ট্র্যাপিং লাইসেন্সের রেকর্ড ভাঙ্গার অভিজ্ঞতা লাভ করছে। বড় গেম শিকার এবং ট্র্যাপিং লাইসেন্স এবং হরিণ ম্যানেজমেন্ট পারমিট (Deer Management Permits, DMPs) বিক্রয় উদ্বোধনী দিনে আগের বছরের বিক্রয়ের প্রায় তিনগুণ ছিল, দ্বিতীয় দিনে দ্বিগুণেরও বেশি এবং প্রথম দুই সপ্তাহের প্রায় দ্বিগুণ বিক্রি হয়েছে। এই বসন্ত পর্যন্ত মাছ ধরার লাইসেন্স স্বাভাবিকের তুলনায় বেড়েছে 15 শতাংশ। ফিশিং, হান্টিং ও ট্র্যাপিং হচ্ছে আউটডোর কার্যক্রম যা COVID-19 মহামারীর সময় নিরাপদে পরিচালনা করা যেতে পারে যেহেতু এগুলো প্রায়ই সামাজিক দূরত্ব বজায় রেখে নিখুঁতভাবে সম্পাদন করা যায়।

ফ্রি ফিশিং ডে-গুলোতে, নিউ ইয়র্কের বাসিন্দা এবং বাসিন্দা নন এমন ব্যক্তি ও পরিবারগুলোও মাছ ধরার লাইসেন্স ছাড়াই বিনামূল্যে মাছ ধরতে পারে। ফ্রি ফিশিং ডে-তে অংশগ্রহণকারীদের মনে করিয়ে দেওয়া হয় যে, ফ্রি ফিশিং ডে-গুলোতে যদিও মাছ ধরার লাইসেন্সের শর্তাবলী শিথিল করা হয় তবে অন্যান্য মাছ ধরার নিয়মগুলি কার্যকর থাকবে। 2020 সালের চূড়ান্ত ফ্রি ফিশিং ডে 11 নভেম্বর ভেটেরান্স দিবসে অনুষ্ঠিত হবে। ফ্রি ফিশিং ডে-তে অংশগ্রহণ না করলে, 16 বছর বয়সী এবং তার চেয়ে বড়দের অবশ্যই একটি হালনাগাদ করা স্টেট ফিশিং লাইসেন্স থাকতে হবে নিউ ইয়র্কে মাছ ধরার জন্য। মাছ ধরার লাইসেন্স এখন ক্রয়ের তারিখ থেকে 365 দিনের জন্য বৈধ থাকে। ফিশিং লাইসেন্স কেনার বিষয়ে বিস্তারিত তথ্য DEC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্কে মাছ ধরা এবং শিকার মাছ এবং বন্যজীবন সম্পদ এবং আবাসস্থলের জিম্মাদারীত্বের ধারণা তৈরি করে, অভিজ্ঞ শিকারী এবং মাছ শিকারীদেরকে তাদের জ্ঞান অন্যদের সাথে ভাগ করে নেওয়ার সুযোগ দেয় এবং তরুণ শিকারী এবং মাছ শিকারীদের পরামর্শ প্রদানের মাধ্যমে শিকার, মাছ ধরা এবং বিনোদনমূলক শ্যুটিংয়ে অংশগ্রহণকে অনুপ্রাণিত করে। নিউ ইয়র্কের শিকারী এবং মাছ শিকারীরা অর্থনীতিতে আনুমানিক 4.9 বিলিয়ন মার্কিন ডলারের অবদান রাখে, যা 56,000 চাকরি এবং স্টেট ও স্থানীয় 623 মিলিয়ন ডলারেরও বেশি করের যোগান দেয়।

নিউ ইয়র্ক স্টেট COVID-19 মোকাবেলায় স্টেটের চলমান প্রতিক্রিয়ার সময় জনগণকে সচেতনমূলক বিনোদনের কাজে নিয়োজিত থাকার জন্য উৎসাহিত করে যাচ্ছে। এই শরতে, স্টেটজুড়ে অন্যান্য জলাধারগুলোর পাশাপাশি নায়াগ্রা নদীসহ লেক এরি এবং লেক অন্টারিও উপনদীতে তাজা স্যালমন এবং ট্রাউট মাছ ধরা উপভোগ করার সময় মৎস শিকারীদের COVID-19-এর বিস্তার রোধে

সতর্কতা অবলম্বন করার ব্যাপারে সতর্ক থাকা উচিত। মৎস শিকারের জনপ্রিয় কেন্দ্রস্থল বিশেষ করে ওসওয়েগো কাউন্টির স্যালমন নদী, এখানে মৎস শিকারীদের উপস্থিতি বেশি হওয়ার কারণে সামাজিক দূরত্ব বজায় রাখা কঠিন হতে পারে। মৎস শিকারীদের এ বছর মাছ ধরার সময় সচেতনভাবে উল্লিখিত বিষয়াদি স্মরণ রেখে মাছ ধরার জনপ্রিয় স্থানগুলোতে DEC সাইনবোর্ড লাগিয়ে দিচ্ছে:

- **সা**মাজিক দূরত্ব একজনের থেকে আরেকজনের মধ্যে কমপক্ষে ছয় ফুট হতে হবে;
- **মাস্ক** - যখন আপনি সামাজিক দূরত্ব বজায় রাখতে পারবেন না, বিশেষ করে পার্কিং লট এবং ফুটপাথ ব্যবহারের সময় একটি মাস্ক পড়ুন;
- সম্ভব হলে গিয়ার শেয়ার করা থেকে **বি**রত থাকুন;
- স্থান সরবরাহ করে এবং মৎস শিকারের নৈতিকতা প্রদর্শনের মাধ্যমে আপনার সঙ্গী মৎস শিকারী এবং রিসোর্সটির প্রতি **স** করুন; এবং
- আপনি যা নিয়ে এসেছেন তা যাওয়ার সময় সঙ্গে নিয়ে **যা**ন বা আবর্জনার পাত্রে রাখুন।

নৌকা থেকে মাছ ধরা মৎস শিকারীদের নিশ্চিত করতে হবে যে এটি যথেষ্ট বড় যাতে নৌকায় থাকা ব্যক্তিরা একে অপরের থেকে অন্তত ছয় ফুট দূরে থাকতে পারে। নৌকা সংক্রান্ত নির্দেশিকা এবং নিরাপত্তা সম্পর্কে আরও তথ্যের জন্য স্টেট পার্কের ওয়েবসাইটে যান এবং প্লে স্মার্ট * প্লে সেফ * প্লে লোকাল, সম্পর্কে বিস্তারিত জানার জন্য DEC-এর ওয়েবসাইট ভিজিট করুন।

###

অতিরিক্ত সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন